

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭১১

ধর্মনগর, ৬ নভেম্বর, ২০২৪

ধর্মনগরে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব আজ থেকে ধর্মনগরে শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে দু'দিনব্যাপী কলা উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সমর চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ। কলা উৎসবের উদ্বোধন করে ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস বলেন, ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক প্রতিভার বিকাশের লক্ষ্যেই আয়োজিত হচ্ছে কলা উৎসব। উল্লেখ্য যে জেলাভিত্তিক কলা উৎসবে জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ২৭৬ জন ছাত্রছাত্রী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। নাটক, নাচ, গান, আর্ট এন্ড পেইন্টিং, ইনস্ট্রুমেন্টাল মিউজিক ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী ছাত্রছাত্রীরা রাজ্যভিত্তিক কলা উৎসবে অংশগ্রহণ করবে।
